63

দৈনিক বাংলা

তারিখ 23 FEB 1995
পৃষ্ঠা ৭ কলাম ৬

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

## ১৯৯৫ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার সময়সূচী

এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য ১৯৯৫ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার সময়সূচী নিম্নে প্রদত্ত হইল। (বিশেষ প্রয়োজনবোধে বোর্ড কর্তৃপক্ষ এই সময়সূচী পরিবর্তন করিতে পারিবেন)।

| বিষয় ও সময়<br>সকাল ১০টা হইতে ১টা পর্যন্ত | বিষয় কোড | দিন ও তারিখ | বিষয় ও সময়<br>বিকাল ২টা হইতে ৫টা পর্যন্ত | বিষয় কোড |
|---|---|---|---|---|
| ১। বাংলা (আবশ্যিক)–১ম পত্র<br>২। বাংলা বিকল্প সহজ পাঠ–১ম পত্র<br>৩। বাংলাদেশের সংস্কৃতি ও বাংলা ভাষার প্রাথমিক জ্ঞান–১ম পত্র | ১০১<br>১০৩<br>১০৫ | বৃহস্পতিবার<br>২০–৪–৯৫ | x | |
| ১। বাংলা (আবশ্যিক)–২য় পত্র<br>২। বাংলা বিকল্প সহজ পাঠ–২য় পত্র<br>৩। বাংলাদেশের সংস্কৃতি ও বাংলা ভাষার প্রাথমিক জ্ঞান–২য় পত্র | ১০২<br>১০৪<br>১০৬ | শনিবার<br>২২–৪–৯৫ | x | |
| ১। উচ্চতর বাংলা<br>২। উচ্চতর ইংরেজী | ১১৯<br>১২০ | রবিবার<br>২৩–৪–৯৫ | ১। ললিতকলা ও সঙ্গীত (ললিতকলা তত্ত্বীয় ও ব্যবহারিক এবং সঙ্গীত তত্ত্বীয়) | ১৩২ |
| ১। ইংরেজী–১ম পত্র | ১০৭ | সোমবার<br>২৪–৪–৯৫ | x | |
| ১। ইংরেজী–২য় পত্র | ১০৮ | বুধবার<br>২৬–৪–৯৫ | x | |
| ১। গণিত | ১০৯ | শনিবার<br>২৯–৪–৯৫ | x | |
| ১। হিসাব রক্ষণ ও কারবার পদ্ধতি | ১২৮ | রবিবার<br>৩০–৪–৯৫ | x | |
| ১। সমাজ বিজ্ঞান–১ম পত্র | ১১৭ | মঙ্গলবার<br>২–৫–৯৫ | ১। সাধারণ বিজ্ঞান–১ম পত্র | ১১৫ |
| ১। সমাজ বিজ্ঞান–২য় পত্র | ১১৮ | বৃহস্পতিবার<br>৪–৫–৯৫ | ১। সাধারণ বিজ্ঞান–২য় পত্র | ১১৬ |
| ১। ভূগোল | ১১০ | শনিবার<br>৬–৫–৯৫ | ১। শারীরিক শিক্ষা ও ক্রীড়া | ১৩৩ |
| ১। হিন্দু ধর্ম<br>২। বৌদ্ধ ধর্ম<br>৩। খৃষ্টান ধর্ম | ১১২<br>১১৩<br>১১৪ | রবিবার<br>৭–৫–৯৫ | ১। ইসলাম ধর্ম | ১১১ |
| ১। আরবী<br>২। সংস্কৃত<br>৩। পালি<br>৪। উর্দু<br>৫। কর্মমুখী শিক্ষা<br>৬। কম্পিউটার বিজ্ঞান. | ১২১<br>১২৩<br>১২৪<br>১২৫<br>১৩০<br>১৩১ | সোমবার<br>৮–৫–৯৫ | ১। উচ্চতর গণিত<br>২। বিজ্ঞান (সমাজ বিজ্ঞান শাখা)<br>৩। গার্হস্থ্য বিজ্ঞান | ১২৬<br>১২৭<br><br>১২৯ |

### ব্যবহারিক পরীক্ষার সময়সূচী

| বিষয় | তারিখ | সময় | স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। ললিতকলা ও সঙ্গীত | শনিবার<br>২১–৫–৯৫ | সকাল ১০টা | ঢাকা শিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রকের দফতরে | ১। ললিতকলা ও সঙ্গীত বিষয়ে সঙ্গীত অংশের ব্যবহারিক পরীক্ষার্থীদের প্রবেশপত্র, বাদ্যযন্ত্র ও সনাক্তকারী শিক্ষকসহ নিজ খরচে নির্ধারিত তারিখে সকাল ৯–৩০টার মধ্যে বোর্ড অফিসে উপস্থিত হইতে হইবে।<br>২। ললিতকলা ও সঙ্গীত বিষয়ের ললিতকলা অংশের ব্যবহারিক পরীক্ষা উক্ত বিষয়ের তত্ত্বীয় পরীক্ষার সঙ্গে অনুষ্ঠিত হইবে এবং ব্যবহারিক পরীক্ষার প্রয়োজনীয় দ্রব্যাদি কেন্দ্র কর্তৃপক্ষ সরবরাহ করিবেন ও পরীক্ষা শেষে তত্ত্বীয় খাতার সঙ্গে সংযুক্ত করিয়া বোর্ডে জমা দিবেন। |
| | সকল ব্যবহারিক পরীক্ষা ২০–৫–৯৫ইং তারিখ হইতে ২৮–৫–৯৫ইং তারিখের মধ্যে অবশ্যই সম্পন্ন করিতে হইবে। | প্রতিদিন সকাল ১০টা হইতে পরীক্ষা শুরু হবে | নিজ নিজ কেন্দ্রে | ১। অতিরিক্ত উত্তরপত্র ব্যবহারিক পরীক্ষার উত্তরপত্র হিসাবে ব্যবহার করিতে হইবে। |

অ: প্র: দ্র:

### বিশেষ নির্দেশাবলী

১। প্রশ্নপত্রে উল্লিখিত সময় অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠিত হইবে। বাংলাদেশের সময় অনুযায়ী বিদেশ কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হইবে।

২। প্রতি বিষয়/পত্রের রচনামূলক ও নৈর্ব্যক্তিক পরীক্ষা একই আসন ব্যবস্থায় অনুষ্ঠিত হইবে।

৩। প্রত্যেক বিষয়/পত্রের রচনামূলক অংশের পরীক্ষা শেষ হওয়ার পর নৈর্ব্যক্তিক পরীক্ষা আরম্ভ করিতে হইবে।

৪। প্রতি বিষয়/পত্রের রচনামূলক প্রশ্নের পরীক্ষা শেষ হওয়ার ১০ (দশ) মিনিটের মধ্যে রচনামূলক উত্তরপত্র সংগ্রহকরত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্র বিতরণ করিতে হইবে।

৫। সকল পরীক্ষার্থীকেই তাহাদের প্রবেশপত্র নিজ নিজ বিদ্যালয়ের প্রধানের নিকট হইতে যথাসময়ে সংগ্রহ করিতে হইবে।

৬। ব্যবহারিক পরীক্ষার জন্য বিশেষ ধরনের নম্বর ফর্দ বোর্ড অফিস হইতে কেন্দ্র সচিবগণ সংগ্রহ করিবেন।

৭। স্বাক্ষরলিপিতে অবশ্যই তত্ত্বীয় ও ব্যবহারিক বিষয়ের প্রত্যেক উপস্থিত পরীক্ষার্থীদের স্বাক্ষর থাকিতে হইবে।

৮। ব্যবহারিক পরীক্ষার উত্তরপত্র, নম্বর ফর্দ, সকল বিষয়ের স্বাক্ষর লিপি বিষয় উল্লেখপূর্বক অনুপস্থিত ও রিপোর্টেড পরীক্ষার্থীদের পৃথক পৃথক তালিকা ৩১–৫–৯৫ইং তারিখের মধ্যে বিশেষদূত মারফত অবশ্যই পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট পৌঁছাইতে হইবে।

৯। দৈনন্দিন পরীক্ষা শেষে উত্তরপত্র বোর্ডে অবশ্যই প্রেরণ করিতে হইবে।

১০। পরীক্ষার্থিগণ যে কেন্দ্রে তত্ত্বীয় বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করিবে সেই কেন্দ্রেই তাহাদিগকে ব্যবহারিক বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে।

১১। কর্মমুখী শিক্ষা ও কম্পিউটার বিজ্ঞান বিষয়সমূহের ব্যবহারিক পরীক্ষা গ্রহণের জন্য পরীক্ষা কেন্দ্রের সচিবগণ প্রয়োজনীয় যন্ত্রপাতি ও দ্রব্যসামগ্রী সরবরাহের ব্যবস্থা করিবেন।

১২। ব্যবহারিক পরীক্ষা গ্রহণের জন্য অভ্যন্তরীণ পরীক্ষক নিয়োগের লক্ষ্যে সংশ্লিষ্ট কেন্দ্রে পরীক্ষার্থী প্রেরণকারী বিদ্যালয়সমূহের ন্যূনতম ৩ (তিন) বৎসরের ব্যবহারিক পরীক্ষকের অভিজ্ঞতাসম্পন্ন শিক্ষকদের মধ্য হইতে কেন্দ্র সচিবগণ একটি তালিকা প্রস্তুত করিয়া ব্যবহারিক পরীক্ষা শেষে অনুমোদনের জন্য পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট পাঠাইবেন। বিভিন্ন এলাকার ব্যবহারিক পরীক্ষকদের তালিকা হইতে বহিরাগত পরীক্ষক নিয়োগ করা যাইবে এবং কেন্দ্র সচিব পরীক্ষা শেষে চূড়ান্ত তালিকা পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমোদনের জন্য পাঠাইবেন।

১৩। ব্যবহারিক পরীক্ষা শেষ হওয়ার সাত দিনের মধ্যে (ক) প্রতি বিষয় ব্যবহারিক পরীক্ষায় অবতীর্ণ পরীক্ষার্থীদের সংখ্যার উল্লেখসহ ব্যবহারিক বিষয়সমূহের অভ্যন্তরীণ ও বহিরাগত পরীক্ষকদের চূড়ান্ত তালিকা (খ) বহিরাগত পরীক্ষকদের ভ্রমণভাতা ও দৈনিক ভাতার বিল (কেন্দ্র সচিবের প্রতিস্বাক্ষরসহ) (গ) অভ্যন্তরীণ ও বহিরাগত পরীক্ষকদের পারিশ্রমিক বিল (কেন্দ্র সচিবের প্রতিস্বাক্ষরসহ) অত্র বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট অবশ্যই দাখিল করিতে হইবে।

১৪। ব্যবহারিক পরীক্ষা পরিচালনার আনুষঙ্গিক ব্যয় কেন্দ্র ফি হইতে নির্বাহ করিয়া আয়–ব্যয়ের একটি রিপোর্ট কেন্দ্রের সাধারণ আয়–ব্যয়ের রিপোর্টের সঙ্গে বোর্ডে দাখিল করিতে হইবে।

১৫। পরীক্ষায় সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাইবে।

১৬। পরীক্ষার্থীদেরকে পরীক্ষা হলে প্রবেশপত্র, কাল বলপেন এবং কাঠ পেন্সিল অবশ্যই সঙ্গে আনিতে হইবে।

প্রফেসর মোঃ বরেন উদ্দিন মিয়া
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন–৫০৮৯৯৬, ৫০০৫২৩, ৫০৮৭৯২, ৫০৩১৮৫, ৫০৩১৫৪।

ডিএফপি–৪১২৮–১৮/২
ক–৯৩২(১৪।৩)